

শাবিতে ছাত্রলীগের মিছিল-সমাবেশে অংশ নিচ্ছে ছাত্রদলের চিহ্নিত ক্যাডাররা

নাসিমুল কবীর নাসিম, শাবি প্রতিদিন

পাহালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগের মিছিল, সমাবেশে সেই চিহ্নিত ছাত্রদল ক্যাডারদেরকেই দেখা যাচ্ছে। ফলে আবারও সক্রিয় হয়ে উঠছে ছাত্রলীগের ছোট ছোট গ্রুপগুলো। ছাত্রদল ক্যাডারদের সঙ্গে নিয়ে ক্যাম্পাসে আধিপত্য বিস্তার করতে এবার মরিয়া হয়ে উঠেছে ছাত্রলীগের বিবদমান হাফ ভলুন গ্রুপ। প্রতিদিনই ক্যাম্পাসে বিভিন্ন দাবিতে পৃথক শোভাভিন, মিছিল, সমাবেশ করছে ছাত্রলীগের বিবদমান এ গ্রুপগুলোর নেতাকর্মীরা। বিগত সাত বছর দাপিয়ে বেড়ানো সেই ছাত্রদল ক্যাডারদের নিয়ে ছাত্রলীগের কয়েকটি গ্রুপের উত্থানে ক্যাম্পাসে আবারও উত্তেজনা দেখা দিয়েছে।

এমতাবস্থায় আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে যে কোন মুহুর্তে বিবদমান গ্রুপগুলোর মধ্যে বড় ধরনের সংঘাতের আশংকা করা হচ্ছে। পাশাপাশি শাবির প্রটোকোল বন্ডির নিষ্ক্রিয়তার নিরাপত্তাহীনতায় ভুগছেন সাধারণ শিক্ষার্থীরা। প্রটোকোল বন্ডির সূত্রে জানা যায়, নির্বাচনের পর আড়া পর্বত ওই কমিটি ক্যাম্পাস পরিষ্কার নিয়ন্ত্রণের জন্য কোন বৈঠকে বসেনি। ছাত্রলীগের এ মুহুর্তে হপগুলোতে বহিরাগতদের নিয়ে অবস্থান করলেও ক্যাম্পাসে তাদের দেখা যাচ্ছে না। তবে ক্যাম্পাস নিয়ন্ত্রণে রাখতে ছাত্রদলকে অত্র হিসেবে ব্যবহার করতে তারা। ক্যাম্পাসকে অস্থিতিশীল করতে ছাত্রদলকে উত্থানি নিচ্ছে তারা। অনুসন্ধানের দেখা যায়, কায়রাম, শাবি, ডারেক, মুসা, রাজন এরা প্রত্যেকেই শাবির ২৪ ছাত্র হলে থাকত। পাশাপাশি দিপক, নাহিদ, আলী, রাসেল, মঈনুল, বেলাল, মৃত্যুঞ্জয়, আন, রুহুল ও থাকত শাহ পরাগ হলে। ছাত্রদলের মিছিল-সমাবেশসহ ছাত্রলীগের সঙ্গে সংঘর্ষকালে এরা প্রত্যেকেই সামনে থেকে নেতৃত্ব নিচ্ছে। ২৪ ডিসেম্বরের নির্বাচনে চারদলের ভয়ভাবের পর হলগুলো থেকে পালিয়ে যায় এই চিহ্নিত ক্যাডাররা। পরে নেতাকর্মীদের সঙ্গে গোপনে জোগাযোগের মাধ্যমে আবারও ছাত্রলীগের রাজনীতিতে সক্রিয় হয়ে ওঠে তারা। ওয়ু এরাই নয়, এপ্রকম আরও পত পত

**ক্যাম্পাসে আধিপত্য বিস্তারকে
 ঘিরে বাড়ছে গ্রুপিং-কোন্দল**

ছাত্রদল ক্যাডার এবার পিঠে বাঁচাতে ছাত্রলীগের মিছিল-সমাবেশে অংশ নিচ্ছে। আর ছাত্রলীগ নিজেদের দল জারি করতে চিহ্নিত এই ছাত্রদল ক্যাডারদের নিজেদের দলে ভেঙাচ্ছে। ক্যাম্পাসে সক্রিয় ছাত্রলীগের ৫টি গ্রুপের (হালু-আসাদ, সুমন-আতিক, আরিফ-মলয়, নাসিম-মস্তু, সৌমিত্র গ্রুপ) নেতাকর্মীরাও প্রতিপক্ষ গ্রুপগুলোতে ছাত্রদলের চিহ্নিত ক্যাডাররা অংশ নিচ্ছে বলে অভিযোগ করেছে। তবে শাবিতে ছাত্রলীগের মিছিল সমাবেশে ছাত্রদল ক্যাডারদের অংশগ্রহণে উল্লু কোভ প্রকাশ করেছে দলের একাধিক সিনিয়র নেতা। শাবি ছাত্রলীগের সহ-সাধারণ সম্পাদক গোলাম কবির ও সাংগঠনিক সম্পাদক মোস্তাফিজুর রহমান রাত্ত মুপাত্তরকে জানান, ছাত্রলীগের মিছিলে ছাত্রদল ক্যাডারদের অংশগ্রহণ কোনভাবেই মেনে নেয়া হবে না। কেন্দ্রীয় হাইকমান্ড থেকেও এ ব্যাপারে কঠোর নির্দেশনা রয়েছে বলে তারা জানান। কেন্দ্রীয় ছাত্রলীগের সাধারণ সম্পাদক মাহফুজুল হকদার চৌধুরী রেটিন জানান, ছাত্রলীগ কোন ছোট সংগঠন নয়, তাই অন্য সংগঠনের নেতাকর্মীদের কোন স্থান দেয়া হবে না। বিশেষ করে ছাত্রদলের উচ্চতর নেতাকর্মীদের দ্বারা ছাত্রলীগের ক্রিন ইমেজকে ধংস করার পায়তারা কঠোর হতে দমন করা হবে। এরূপ অভিযোগ এলে সাংগঠনিকভাবে কঠোর ব্যবস্থা নেয়া হবে বলে তিনি জানান। জানা যায়, শাবিতে বৃহত্তর বিভিন্ন দাবিতে ছাত্রলীগের ৪টি গ্রুপ পৃথক মিছিল-সমাবেশ করেছে। বেলা ১১টায় আরিফ-মলয় গ্রুপ ছাত্রলীগ কর্মী বাজীব কুমার ধর পাহুর ওপর সস্তামী হামলার প্রতিবাদে শাবি ও মানববন্ধন কর্মসূচি পালন করে। দুপুর সাড়ে ১২টায় রাত্ত-আসাদ গ্রুপ ছাত্রলীগ নেতা মোস্তাফিজুর রহমান রাত্তুর ওপর সস্তামী হামলার প্রতিবাদে ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করে। এ সময় সৌমিত্র গ্রুপ ও নাসিম-মস্তু গ্রুপ ক্যাম্পাসে শাবি-শুখলা বলায় রাখা হলগুলোতে ছাত্রলীগের অবস্থান নিশ্চিতকরণের নামে দাবিতে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করে। এ গ্রুপগুলোর প্রত্যেকটিতেই ছাত্রদলের সেই চিহ্নিত ক্যাডারদের দেখা গেছে।